




প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভার্চুয়াল প্ল্যান্ট ম্যাপ বিষয়ক ওয়েবসাইট উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন করা হয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয় ভার্চুয়াল প্ল্যান্ট ম্যাপ শীর্ষক একটি ওয়েবসাইট। ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ এ ওয়েবসাইটের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এ ওয়েবসাইটে ১৬০০ এর অধিক প্ল্যান্ট বিষয়ক ডাটা রয়েছে। এখানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্ল্যান্টের বিস্তারিত বর্ণনা রয়েছে এবং এ ডাটাগুলো উন্মুক্ত। এর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কোন প্ল্যান্টের অবস্থান কোথায় তা সহজেই সনাক্ত করা যাবে যা বিভিন্ন গবেষণায় সহায়তা করবে। ওয়েবসাইট উদ্বোধন উপলক্ষে এদিন সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে একটি সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস এবং গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন। সেমিনারে গবেষণা ফলাফল উপস্থাপন করেন বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের একটি ওয়েব-বেইজড ভার্চুয়াল প্ল্যান্ট ম্যাপ প্রণয়ন প্রকল্পের মূখ্য গবেষক বরিশাল বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. ঈশিতা হায়দার। উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মোঃ উজ্জ্বল হোসেনের সভাপতিত্বে সেমিনারে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. মোঃ আব্দুল কাইউম। সেমিনারে উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, আইসিটি ডিভিশনের সহায়তায় বরিশাল বিশ্ববিদ্যালয় ভার্চুয়াল প্ল্যান্ট ম্যাপ শীর্ষক প্রকল্পটি পরিচালিত হয়েছে এবং এটি বাংলাদেশের প্রথম ওয়েববেইসড ভার্চুয়াল প্ল্যান্ট ম্যাপ। গুগলের <https://rb.gy/54qazz> এই লিংকটির মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় ভার্চুয়াল প্ল্যান্ট ম্যাপ শীর্ষক ওয়েবসাইটে প্রবেশ করা যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়